

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্য বিবরণী

নম্বর: ৫৫

সংস্কৃতি প্রতিমন্ত্রীর পূজামন্ডপ পরিদর্শন

ময়মনসিংহ (সোমবার, ২৩ অক্টোবর, ২০২৩ খ্রি.):

২০ অক্টোবর থেকে দেশব্যাপী শারদীয় দুর্গাপূজার মূলপর্ব শুরু হয়েছে। আনন্দঘন, উৎসবমুখর পরিবেশে পূজার আনুষ্ঠানিকতা পালিত হচ্ছে। আজ সোমবার (২৩ অক্টোবর) সংস্কৃতি প্রতিমন্ত্রী কেএম খালিদ এমপি মুক্তাগাছা পৌরসভাসহ উপজেলার বিভিন্ন ইউনিয়নের পূজামন্ডপ পরিদর্শন করেন।

প্রতিমন্ত্রী এদিন উপজেলার বাশাটি ইউনিয়নের লাঞ্জুলিয়া, কাশিমপুর, দাওগাঁও, যোগা ইউনিয়নসহ মুক্তাগাছা পৌরসভার বিভিন্ন পূজামন্ডপ পরিদর্শন করেন।

পরিদর্শনকালে প্রতিমন্ত্রী পূজামন্ডপের আইনশৃঙ্খলাসহ বিভিন্ন বিষয়ে খৌঁজ নেন। পূজামন্ডপগুলিতে সরকারি আর্থিক সহায়তা, সিসি ক্যামেরা অনুদান ও অন্যান্য সহায়তা সঠিকভাবে প্রদান করা হয়েছে কিনা সে বিষয়ে জানতে চান। এ সময় প্রতিমন্ত্রী সুষ্ঠু ও আনন্দঘন পরিবেশে দুর্গাপূজা অনুষ্ঠিত হচ্ছে দেখে সন্তোষ প্রকাশ করেন। পূজামন্ডপ সংশ্লিষ্টদের সাথে কথোপকথনকালে প্রতিমন্ত্রী পূজা সংশ্লিষ্ট যেকোনো বিষয়ে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

পূজামন্ডপ পরিদর্শনের পাশাপাশি এসময় প্রতিমন্ত্রী স্থানীয় জনসাধারণের সাথেও মতবিনিময় করেন। পরিদর্শনকালে প্রতিমন্ত্রীর সাথে মুক্তাগাছা উপজেলা নির্বাহী অফিসার এ কে এম লুৎফর রহমান, দলীয় ও রাজনৈতিক নেতৃবৃন্দ, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

#

রিদওয়ান/দেওয়ান/সজিব/২০২৩/১৯:০০ ঘন্টা